

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

নথির ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৪৩.১৬.২৫০—গত ৯ অক্টোবর ২০১৬ তারিখে যুক্তরাজ্যের বিরোধী দল লেবার পার্টির নেতা জেরেমি করবিন তাঁর ছায়া-মন্ত্রিসভায় বাংলাদেশি বংশোদ্ধৃত মিজ্জ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক এমপি-কে শ্যাডো মিনিস্টার ফর আর্লি ইয়ার্স এডুকেশন পদে নিযুক্ত করেন।

২। ছায়া-মন্ত্রিসভায় মিজ্জ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-এর নিযুক্তি বাংলাদেশ ও বাঙালির অবস্থানকে যুক্তরাজ্যসহ বৈশ্বিক পরিম্পত্তি আরও গৌরবোজ্জ্বল ও সুসংহত করেছে। এই অর্জনের মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মিজ্জ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৯ কার্তিক ১৪২৩/২৪ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৫৪৮১)
মূল্য : টাকা ৮.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঠাকুরঃ ০৯ কার্তিক ১৪২৩
ঠাকুরঃ ২৪ অক্টোবর ২০১৬

গত ৯ অক্টোবর ২০১৬ তারিখে যুক্তরাজ্যের বিরোধী দল লেবার পার্টির নেতা জেরেমি করবিন তাঁর ছায়া-মন্ত্রিসভায় বাংলাদেশি বংশোদ্ধৃত মিজ্ঞ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক এমপি-কে শ্যাডো মিনিস্টার ফর আর্ল ইয়ার্স এডুকেশন পদে নিযুক্ত করেন।

উল্লেখ্য, গত ৭ মে ২০১৫ তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে লেবার পার্টি মনোনীত মিজ্ঞ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক লন্ডনের হ্যাম্পস্টেড অ্যান্ড কিলবার্ন নির্বাচনী এলাকা থেকে বিজয়ী হয়ে ব্রিটিশ পার্লামেন্টে এমপি নির্বাচিত হয়েছেন।

মিজ্ঞ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দোহিত্রী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজ্ঞা শেখ রেহানার কন্যা। বঙ্গবন্ধুর রাজনৈতিক দর্শন ও আদর্শের উত্তরাধিকারী হিসেবে তাঁর দোহিত্রীর রাজনৈতিক সফল অংশগ্রহণ এবং বিদেশে স্বীয় রাজনৈতিক অবস্থান সুসংহত ও সমৃদ্ধ করে নির্বাচনে বিজয় অর্জন — সর্বোপরি ছায়া-মন্ত্রিসভায় তাঁর এই নিযুক্তি বাংলাদেশ ও বাঙালির জন্য গৌরবের বিষয়। এই অর্জনের মধ্য দিয়ে মিজ্ঞ টিউলিপ রেজওয়ানা সিদ্দিকের রাজনৈতিক প্রত্যাশা ও পারদর্শিতা, আত্মপ্রতিষ্ঠার সামর্থ্য, রাজনৈতিক মহলে গ্রহণযোগ্যতা ও সাধারণে জনপ্রিয়তা প্রতিভাত হয়। রাজনৈতিক অঙ্গনে মিজ্ঞ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-এর সুখ্যাতি অর্জনের ক্ষেত্রে তাঁর মেধা ও মননশীলতার পাশাপাশি মা শেখ রেহানার পরিচর্যা, এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিক্ক-নির্দেশনা ও অনুপ্রেরণা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

ছায়া-মন্ত্রিসভায় মিজ্ঞ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-এর নিযুক্তি বাংলাদেশ ও বাঙালির অবস্থানকে যুক্তরাজ্যসহ বৈশ্বিক পরিমণ্ডলে আরও গৌরবোজ্জ্বল ও সুসংহত করেছে। এই অর্জনের মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মিজ্ঞ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd